



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অহ্লাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২৯/২০২৬

তারিখঃ ০২/০৪/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (ট্রাফিক) এর জারীকৃত আদেশ নং- ১৮.০৪.০০০০.০৩০.০২.০০৩.১৭ (অংশ-৩)/৩১৯৩ তারিখঃ ২৩/১১/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

নথি নং- ১৮.০৪.০০০০.০৩০.০২.০০৩.১৭ (অংশ-৩)/৩১৯৩

তারিখঃ ২৩/১১/২০২৫ খ্রি.

বিষয়ঃ বার্থ অপারেটর (কার্গো এন্ড কন্টেইনার), টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরদের সাথে সম্পাদিত চুক্তিনামা মোতাবেক শ্রমিক কর্মচারীদের বছরান্তে ১২তম দফায় ১০% মজুরী বৃদ্ধি ও ইহার ফলাফল হিসাবে অন্যান্য ক্ষেত্রে মজুরী/রেইট বৃদ্ধি প্রসঙ্গে।

- সূত্রঃ**
- ১। সচিব, চবক এর দপ্তরাদেশ নং- ৩৭/২০১৫ তাং- ০৮/০৪/২০১৫ ইং।
 - ২। পরিচালক (ট্রাফিক), চবক এর দপ্তরাদেশ নং- ০১/২০১৬ তাং- ১০/০১/২০১৬ ইং।
 - ৩। চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৯৭১২, তারিখঃ ০৪/১১/২০২৫ ইং।

উপর্যুক্ত বিষয়ে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরদের সাথে সম্পাদিত চুক্তিনামা মোতাবেক শ্রমিক/কর্মচারীদের প্রতি বছর ১০% মজুরী/বেতন বৃদ্ধির প্রেক্ষিতে ইহার ফলাফল হিসাবে বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের রেইট পুনঃনির্ধারণের জন্য সূত্রোক্ত ০১নং দপ্তরাদেশ মূলে গঠিত কমিটির সুপারিশ ও চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৯৭১২ তাং- ০৪/১১/২০২৫ইং অনুযায়ী শ্রমিক/কর্মচারীদের মজুরী ১০% করে বৃদ্ধি করা হয়। সংশ্লিষ্ট শ্রমিক/কর্মচারীদের মজুরী বৃদ্ধির তালিকা ও সময় নিম্নে প্রদান করা হলো :-

ক) শ্রমিক/কর্মচারীদের বাৎসরিক মজুরী ১০% বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শিপ হ্যান্ডলিং অপারেটর কর্তৃক শ্রমিক/কর্মচারীদেরকে বর্ধিত হারে মজুরী প্রদান কার্যকর করার পরবর্তী (১২তম দফা) তারিখঃ-

নাম	১২তম দফায় বৃদ্ধির তারিখ	মন্তব্য
বার্থ অপারেটরস্ (কার্গো)	১৩/১১/২০২৫	বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটর কর্তৃক তাঁদের শ্রমিক কর্মচারীদেরকে বিদ্যমান মজুরীর উপর ১০% বৃদ্ধি করে প্রদান করবেন।
বার্থ অপারেটরস্ (কন্টেইনার)	১৩/০৩/২০২৬	
টার্মিনাল অপারেটরস্	০১/০৪/২০২৬	
শিপ হ্যান্ডলিং অপারেটরস্	০১/০৫/২০২৬	



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

(২)

খ) শ্রমিক/কর্মচারীর ১০% মজুরী বৃদ্ধির ফলে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অনবোর্ড কাজের জন্য শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদত্ত/প্রদেয় রেইট পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বছরওয়ারী নিম্নোক্ত হারে বৃদ্ধি পাবে:-

অনবোর্ড কাজের বিবরণ	বিল গ্রহীতা	বছরওয়ারী বৃদ্ধির হার	অনবোর্ড কাজের বিল প্রদানকারী
জেটি সাইডে অনবোর্ডে কার্গো হ্যান্ডলিং	বার্থ অপারেটরস্ (কার্গো)	৫.৮%	শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদেয়
অনবোর্ডে কন্টেইনার হ্যান্ডলিং	বার্থ অপারেটরস্ (কন্টেইনার)	৪%	শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয়
অনবোর্ডে কন্টেইনার হ্যান্ডলিং	টার্মিনাল অপারেটরস্	৪%	শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয়
বহিঃনোঙরে অনবোর্ডে কার্গো হ্যান্ডলিং	শিপ হ্যান্ডলিং অপারেটরস্	৬.৯%	শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদেয়।

বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অনবোর্ড কাজের জন্য শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদত্ত/প্রদেয় রেইট বৃদ্ধি সংশ্লিষ্ট তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

গ) এফসিএল কন্টেইনার, এলসিএল ও খোলা কার্গো ডেলিভারীর ক্ষেত্রে কনসাইনী (সিএন্ডএফ এজেন্ট) কর্তৃক প্রদেয় রেইট বৃদ্ধির (১২তম দফা) তারিখ :-

নাম	১২তম দফায় বৃদ্ধির তারিখ ও রেইট	মন্তব্য
এফসিএল কন্টেঃ ২০	১৩/০৩/২০২৬ ৩,৮৮৮.৯৯/-	সিএন্ডএফ এজেন্ট কর্তৃক প্রদেয়।
এফসিএল কন্টেঃ ৪০	১৩/০৩/২০২৬ ৫,১২০.৮৩/-	
এলসিএল ও খোলা কার্গো (বিদ্যমান রেইট সিডিউলের ভিত্তিতে)	এলসিএল কার্গোর ক্ষেত্রে খোলা কার্গোর ক্ষেত্রে ১৩/০৩/২০২৬ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে। ১৩/১১/২০২৫ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে।	

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাঃ/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ: ২৩/১১/২০২৫ খ্রি.

নথি নং- ১৮.০৪.০০০০.০৩০.০২.০০৩.১৭ (অংশ-৩)/৩১৯৩